গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৩.২২.৬৬ তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানি মার্চ/২০২৩ ও এসপিএম প্রকল্প পরিদর্শনের প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অপরিশোধিত তেল আমদানি মনিটরিং কমিটির মার্চ, ২০২৩ ও এসপিএম প্রকল্প পরিদর্শনের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, কমিটির প্রতিবেদন সদয় অবগতি এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৫-৫-২০২৩
মোঃ হাফিজুর রহমান চৌধুরী
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০২৭১
ইমেইল: dsop1@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, প্রশাসন-২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৩.২২.৬৬/১(৫) তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (প্লানিং), প্ল্যানিং উপ-বিভাগ, ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
৫) ব্যবস্থাপক(প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১৫-৫-২০২৩

এস এম জুবায়ের হাসান

ব্যবস্থাপক(প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-১ অধিশাখা

www.emrd.gov.bd

**বিষয়:**

**২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানি মার্চ/২০২৩ ও এসপিএম প্রকল্প পরিদর্শনের প্রতিবেদন।**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১৩.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী প্রতিমাসে ১.০৮৩ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে মার্চ ২০২৩ মাসে অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয় ০.৯৯ লক্ষ মে.টন, যা মাসিক লক্ষ্যমাত্রার ০.০৯৩ লক্ষ মে.টন কম। ২০২২-২৩ অর্থবছরে জুলাই'২২ হতে মার্চ'২৩ মাসের অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপঃ

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন (লক্ষ মে.টন) | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই | আগস্ট | সেপ্টে | অক্টো | নভে | ডিসে | জানু | ফেব্রু | মার্চ | এপ্রি | মে | জুন | সর্বমোট |
| ক্রুড অয়েল আমদানি | ১৩ | ০.৯৮ | ০.৯৯ | ০.৯৮ | ০.৯৮ | ১.৯৮ | ০.৯৫ | ১.০০ | ১.৯৮ | ০.৯৯ | - | - | - | ১০.৮৪ |

২। গত ২৩ মার্চ ২০২৩ তারিখ অপরিশোধিত তেল আমদানি মনিটরিং কমিটির সদস্যগণ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি কোম্পানি ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড কর্তৃক বাস্তবায়িত "ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন" প্রকল্পের পিএসটিএফ, মহেশখালি পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে কমিটির আহ্বায়ক জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী, যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, কমিটির সদস্য জনাব এস এম জাকারিয়া, উপসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, কমিটির সদস্য জনাব মোঃ কবির উদ্দিন, সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, কমিটির সদস্য জনাব মোঃ নাসিরুল আলম, এজিএম, ইআরএল ও কমিটির সদস্য-সচিব জনাব এস. এম. জুবায়ের হাসান, ম্যানেজার, বিপিসি, এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তগণ উপস্থিত ছিলেন।

৩। এসপিএম তথা ভাসমান জেটি প্রকল্পের চারটি মূল কার্যক্রম রয়েছে, এক. সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) ও পাইপ লাইন এন্ড মেনিফোল্ড (পিএলইএম) স্থাপন, দুই. অফসোর পাইপলাইন স্থাপন, তিন. অনসোর পাইপলাইন স্থাপন, চার. মহেশখালি দ্বীপে পাম্প স্টেশন ও ট্যাংক ফার্ম (পিএসটিএফ) স্থাপন করা। বাস্তবায়নাধীন প্রকল্প চালু হলে আমদানিকৃত এক লক্ষ বিশ হাজার ডেড ওয়েট টনেজ (ডিডব্লিউটি) ক্রুড অয়েল ট্যাংকার ১১ দিনের পরিবর্তে ৪৮ ঘন্টায় এবং ডিডব্লিউটি হাই স্পিড ডিজেল (এইচএসডি) ট্যাংকার ২৮ ঘন্টায় খালাস করা সম্ভব হবে। ফলে বাৎসরিক প্রক্রিয়াকরণ ক্ষমতা ১.৫ মিলিয়ন মেট্রিক টন হতে ৪.৫ মিলিয়ন মেট্রিক টনে বৃদ্ধি পাবে এবং লাইটার জাহাজের অপারেশনজনিত খরচ কমবে পাশাপাশি ক্রুড ওয়েল ও ফিনিসড প্রোডাক্ট খালাস নিশ্চিত করা যাবে। মহেশখালিতে তিনটি ৬০ হাজার ঘন মিঃ ধারনক্ষমতা সম্পন্ন ক্রুড ওয়েল ও তিনটি ৩৬ হাজার ঘন মিঃ ধারনক্ষমতা সম্পন্ন এইচএসডি ডিজেল স্টোরেজ ট্যাংক স্থাপন সম্পন্ন হয়েছে। প্রকল্পের ২২০ কি.মি এর মধ্যে ২১৮ কি.মি পাইপলাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে যা নির্মাণাধীন গ্যাস পাইপ লাইনের ৯৯%।



চিত্র ০১. মহেশখালিতে এসপিএম প্রকল্পে নির্মিত ক্রুড ওয়েল ও ডিজেল পাম্প স্টেশন




চিত্র ০২. মহেশখালিতে এসপিএম প্রকল্পে নির্মিত ৩৬ হাজার ঘন মিঃ ধারনক্ষমতা সম্পন্ন এইচএসডি ডিজেল স্টোরেজ ট্যাংক



চিত্র ০৩. মহেশখালিতে এসপিএম প্রকল্পে নির্মিত ৬০ হাজার ঘন মিঃ ধারনক্ষমতা সম্পন্ন ক্রুড ওয়েল স্টোরেজ ট্যাংক

৪। মহেশখালি ও চট্টগ্রামে এসপিএম প্রকল্পের ইমার্জেন্সি প্রবেশ পথ সংলগ্ন ২ কি. মি. গ্যাস পাইপলাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। মহেশখালি-ধলঘাটা, চট্টগ্রাম-গহিরা-ও-ডাঙ্গারচরে মোট তিনটি ব্লক ভালভ স্টেশনের নির্মাণ কাজের ৪.১% বাঁকি রয়েছে। তাছাড়া, চট্টগ্রাম বাঁশখালিতে একটি মাইক্রওয়েভ রিলে নির্মানাধীন টাওয়ারের ৫% কাজ অসম্পন্ন রয়েছে। সরেজমিনে পরিদর্শন, প্রেজেন্টেশন, প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদের সাথে মত বিনিময়ে ৯৫% ভৌত কাঠামো নির্মাণের অগ্রগতি হয়েছে মর্মে জানা যায়।

৫। অপরিশোধিত তেল আমদানি মনিটরিং কমিটির সদস্য কর্তৃক উক্ত প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে কক্সবাজার জেলা প্রশাসককে অবহিতকরণের পাশাপাশি জেলা প্রশাসনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।



চিত্র ০৪. মহেশখালিতে এসপিএম প্রকল্প সম্পর্কিত কার্যক্রম সম্পর্কে কক্সবাজার জেলা প্রশাসকের সাথে মতবিনিময়।

৬। <u>মনিটরিং কমিটির সুপারিশঃ</u>

ক) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অপরিশোধিত তেলের মাসিক আমদানির লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ মাসে ০.০৯৩ লক্ষ মে.টন কম হয়েছে। এমতাবস্থায়, মাসিক গড় লক্ষ্যমাত্রা ১.০৮৩ লক্ষ মে.টন এর বিপরীতে আগামী মাসগুলোতে আনুপাতিক হারে বেশি অপরিশোধিত তেল আমদানি করতে হবে।

খ) ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন প্রকল্পের চলমান কাজ জুন ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

১২-৫-২০২৩ ১৯:১৯:২৩
এস এম জুবায়ের হাসান
ব্যবস্থাপক(প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি
প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১৪-৫-২০২৩ ৯:৪৯:২০
মোঃ কবির উদ্দিন
সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৫-৫-২০২৩ ৯:৪৩:১৭
মোঃ হাফিজুর রহমান চৌধুরী
যুগ্মসচিব, অপারেশন-১
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ